গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
www.rupganj.narayanganj.gov.bd

**নম্বর:** ০৫.৪১.৬৭৬৮.০০০.১৬.০০৪.২৫-৮১০

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার (Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি;**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬'' অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে রূপগঞ্জ উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | কাজের ধরণ | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | আবেদনের যোগ্যতা | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | Enumerator বা জরিপকারী | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক /তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও দুর্গম চর এলাকায় কাজ করতে সম্মত | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| | সুপারভাইজার<br>(প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

০২। আবেদন ফরম প্রাপ্তির ও দাখিলের স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়,রূপগঞ্জ,নারায়ণগঞ্জ হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা অফিসের www.dss.rupganj.narayunganj.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে; এবং অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

| আবেদন ফরম বিতরণ | আবেদন ফরম দাখিল | সম্ভাব্য ব্যবহারিক পরীক্ষার সময় | শর্তাবলী |
|---|---|---|---|
| ২১-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ বেলা ৩.০০ ঘটিকা পর্যন্ত | ২১-০৭-২০২৬ হতে ২৩/০৭/২০২৬ তারিখ বেলা ৩.৩০ ঘটিকা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ তারিখ বেলা ১১.০০ ঘটিকা | ১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।<br>২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যুনতম ০৮ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।<br>৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।<br>৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।<br>৫) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।<br>৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।<br>৭) ট্যাবলেট শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে।<br>৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।<br>৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে। |

মোঃ সাইফুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
ফোন: ০২- ৯৯৭৭৪৭৯০১
E-mail: unorupganj@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.৬৭৬৮.০০০.০৬.০০২.২৬- ৭৮

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২০৪, নারায়ণগঞ্জ-০১, (রূপগঞ্জ)।
০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ূন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নারায়ণগঞ্জ।
০৭। সভাপতি/সাধারণ সম্পাদক........................ (সকল প্রেস ক্লাব) রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।[প্রচারের অনুরোধ সহ]
০৮। অফিস কপি।

২১/৭/২৬

মোঃ হুমায়ূন কবীর
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
ফোন: ০২-৭৬৫০১০৪